দৈনিক
ইত্তেফাক

তারিখ 9 MAY 2003

# নিম্নমানের ১৩৭০টি শিক্ষা প্রতিষ্ঠান আপাততঃ বন্ধ না করে আরো এক বছর সময় দেয়া হচ্ছে

ইত্তেফাক রিপোর্ট ॥ সারাদেশে নিম্নমানের ১৩৭০টি শিক্ষা প্রতিষ্ঠানকে আপাততঃ বন্ধ করা হচ্ছে না। তবে এই শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ১ বছরের জন্য সময় বেঁধে দেয়া হচ্ছে। এই সময়ের মধ্যে প্রতিষ্ঠানগুলো বোর্ডের পরীক্ষায় পাসের হার বাড়াতে না পারলে পরবর্তীতে মূল্যায়ন সাপেক্ষে বন্ধ করে দেয়া হবে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় থেকে জরুরী চিঠি পাঠানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে। পাশাপাশি নিম্নমানের আরো ২ হাজার শিক্ষা (৯ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## নিম্নমানের ১৩৭০টি

(৩য় পৃঃ পর)

প্রতিষ্ঠানের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে নাথ। এ মর্মেও চিঠি পাঠানো হবে। সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয়ের একটি বিশেষ টীম ১ বছর তদন্ত শেষে এক প্রতিবেদনে বলা হয়েছে, ১৩৭০টি শিক্ষা প্রতিষ্ঠানের লেখাপড়ার হালচাল খুবই করুণ। এসব প্রতিষ্ঠানে এসএসসি, এইচএসসিতে পাসের হার শূন্য। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র অপেক্ষা শিক্ষক বেশী।